



## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

### নিয়োগ বিজ্ঞপ্তি

নং-জাবি/রেজি/প্রশাসন(টিচিং)/২০২৩-২০২৪/০২/৪১২৫

তারিখ : ০৬-১১-২০২৩

নিম্নলিখিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :-

বিভাগ	পদের নাম	পদের সংখ্যা
১। অর্থনীতি বিভাগ	প্রভাষক (স্থায়ী)	২টি
২। দর্শন বিভাগ	প্রভাষক (স্থায়ী)	৬টি
৩। মাইক্রোবায়োলজি বিভাগ	প্রভাষক (স্থায়ী)	৩টি

জাতীয় বেতন স্কেলে বেতনক্রম : প্রভাষক : ২২,০০০-৫৩,০৬০/-

#### শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

**প্রভাষক :** প্রার্থীর এসএসসি ও এইচএসসি উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান ও বাণিজ্য শাখায় জিপিএ ৪.২৫ (৫.০০ স্কেলে) এবং মানবিক শাখায় জিপিএ ৪.০০ (৫.০০ স্কেলে) থাকতে হবে। আবেদনকারীদের অর্থনীতি/দর্শন বিষয়ে স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৫০ (৪.০০ স্কেলে) এবং মাইক্রোবায়োলজি বিষয়ের আবেদনকারীদের স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৬০ (৪.০০ স্কেলে) থাকতে হবে।

প্রার্থীদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। সাত সেট আবেদনের প্রতি সেটের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র, গবেষণামূলক প্রকাশনার কপি ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি দিতে হবে। দরখাস্তের সাথে দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোনো শাখা থেকে ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট অথবা অগ্রণী ব্যাংক লিঃ জাবি শাখার সিডি-৬৮ একাউন্টে ৬০০/- (ছয়শত) টাকা জমাদানের রশিদ সংযুক্ত করতে হবে। জমাকৃত টাকা/ড্রাফট ফেরৎযোগ্য নয়। বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেলের নীতিমালা অনুসরণ করা হবে। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আগ্রহী প্রার্থীগণ অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে বিজ্ঞপ্তির কপি এবং আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। ওয়েবসাইট [www.juniv.edu](http://www.juniv.edu) থেকেও উক্ত ফরম সংগ্রহ করা যাবে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ২১-১১-২০২৩

স্বাক্ষর/-রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)